ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বিজিবির হাতে ৪৭ জন আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে ৪৭ জন আটক করেছে মহেশপুর বিজিবি ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)। গতকাল শুক্রবার (২৯ নভেম্বর) দিনভর ৫৮ বিজিবি’র বেশ কয়েকটি আভিযানিক দল সুগঠিত হয়ে সুনির্দিষ্ট গোয়েন্দা সংবাদের ভিত্তিতে রাতভর মহেশপুর উপজেলার মাটিলা, খোসালপুর, পলিয়ানপুর, বাঘাডাংগা, শ্যামকুড় এবং লড়াইঘাট সীমান্ত এলাকায় বেশ কয়েকটি স্থানে বিশেষ অভিযান পরিচালনা করে এই আটক করা হয়।

মহেশপুর ব্যাটালিয়ন ৫৮ বিজিবি মিডিয়া সেলের পরিচালক আজিজুস শহীদ স্বাক্ষরিত এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গোপন সংবাদের ভিত্তিতে একটি বিশেষ অভিযানে ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধ ভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার চেষ্টা কালে সর্বমোট ৪৭ জন বাংলাদেশী নাগরিককে আটক করা হয়েছে।

আটককৃত ব্যক্তিদের মধ্যে ১২ জন নারী, ১৯ জন পুরুষ এবং ১৬ জন শিশু রয়েছে। আটককৃত ব্যক্তিরা বাংলাদেশের বিভিন্ন জেলার বাসিন্দা। আটককৃতদের মধ্যে একাধিক ব্যক্তি ইতোপূর্বেও ৫৮ বিজিবির টহল দলের নিকট ধরা পড়েছিলেন। আটককৃত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

এছাড়া বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করেন, চলতি নভেম্বর ২০২৪ মাসে সর্বমোট ৩৩১ জনকে এবং গত ০৫ আগস্ট ২০২৪ তারিখ হতে ৩০ নভেম্বর ২০২৪ পর্যন্ত মহেশপুর ব্যাটালিয়ন বা ৫৮ বিজিবি কর্তৃক আটককৃত অবৈধ পারাপারের সময় আটক হওয়া ব্যাক্তিদের সংখ্যা হলো-বাংলাদেশী নাগরিক-৮৮৫ জন, ভারতীয় নাগরিক-২৮ জন, মায়ানমার রোহিঙ্গা নাগরিক-২০ জনসহ সর্বমোট আটককৃ দের সংখ্যা ৯৩৩ জন। এই সংখ্যার মধ্যে একজন প্রাক্তন মন্ত্রী, বেশ করেকজন ছাত্রলীগ ক্যাডার, ৩ জন জেল পলাতক আসামী, ১ জন আনসার বিদ্রোহের সক্রিয় সদস্য, কয়েকজন একাধিক মামলার আসামী এবং ০১ জন ভারতীয় পুলিশ সদস্য রয়েছে বলে জানান।

[redacted]

[redacted]

[redacted]

[

চুয়াডাঙ্গায় চুরিকৃত ট্রাকসহ দর্শনার আলোচিত চোর রিয়াজ আটক

চুয়াডাঙ্গা সদরের বেগমপুরের ইউনিয়ন পরিষদের পাশে পাবনা দাসুরিয়া থেকে চুরিকৃত ট্রাক সহ আন্ত:জেলা ট্রাক চোর সিন্ডিকেটের হোতা রিদয় ওরফে রিয়াজকে (২৭) আটক করে পুলিশে দিয়েছে স্থানীয় জনতা।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার দিকে তাকে আটক করা হলেও তার সাথে থাকা দর্শনার আকন্দবাড়িয়ার নতুনপাড়ার সাইদ নামমের একজন পালিয়ে গিয়েছে। আটককৃত রিয়াজ দর্শনা মহাম্মদপুরের শফি মিস্ত্রীর ছেলে।

জানাগেছে, গতকাল শনিবার রাত সাড়ে ১১ টার দিকে পাবনা জেলার দাসুরিয়া এলকা থেকে গোলাপ মালিথার ছেলে বাচ্চু মালিথার একটি ট্রাক (রেজি নং:-ঢাকা মেট্রো ট-২০-৮০৩১) চুরি হয়ে যায়। ট্রাক চুরির ঘন্টা খানেক পর ট্রাকটির সন্ধান চালাতে থাকে মালিক পক্ষ। ওই রাতে ট্রাকটির কোন হদিচ না পেয়ে, গতকাল রোববার ভোর রাতে চুয়াডাঙ্গা সদরের হিজলগাড়ি বাজারের বিশিষ্ট মোবাইল ব্যবসায়ী রাসেল হোসেন কে বিষয়টি জানায়। সকাল থেকে রাসেল চুরিকৃত ট্রাকটির সন্ধান চালাতে থাকে।

সকাল সাড়ে ১০ টার দিকে জানতে পারে বেগমপুর ইউনিয়ন পরিষদের সামনে রাস্তার পাশে একটি ট্রাক পড়ে আছে। রাসেল সহ স্থানীয় লোকজন ঘটনাস্থলে ছুটে এসে রেজিষ্ট্রেন নম্বর দেখে বুঝতে পারে এটাই সেই চুরিকৃত ট্রাক। ট্রাকটির চাকা খোলার প্রস্তুতি নিচ্ছিল চোর রিয়াজ। লোকজন দেখে এসময় চোর রিয়াজ পাশে বেগমপুর বাওড়ে ঝাপ দিয়ে পালানোর চেস্টা করলে স্থানীয় জনতা তাকে ধাওয়া করে আটক করে। চোর রিয়াজ বলে ট্রাক চুরির সাথে আকন্দবাড়িয়া গ্রামের নতুনপাড়ার সাইদও জড়িত। পরে স্থানীয় জনতা দর্শনা থানা পুলিশকে খবর দিলে পুলিশ তাকে গ্রেফতার করে এবং চুরিকৃত ট্রাকটি জব্দ করে।

দর্শনা থানার ওসি শহিদ তিতুমীর সাথে যোগাযোগ করা হলে, তিনি ঘটনা সত্যতা নিশ্চিত করেন।

মুজিবনগরে অস্ত্র ও গুলিসহ যুবক আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের একটি পান বরজে অভিযান চালিয়ে ময়েন উদ্দীন (৩২) নামের এক ব্যক্তিকে দেশীয় তৈরী একটি একনলা বন্দুক ও ২ রাউন্ড গুলিসহ আটক করেছে সেনাবাহিনীর নেতৃত্বে যৌথবাহিনীর একটি টিম।

মঙ্গলবার রাতে তাকে আটক করে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়। আটক ময়েন উদ্দীন মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের পশ্চিমপাড়া এলাকার জমির উদ্দীনের ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।
তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিত্বে খবর পেয়ে ২৭ আর্টিলারী রেজিমেন্টের মেহেরপুর সেনা ক্যাম্পের মেজর জাহিনের নেতৃত্বে যৌথবাহিনীর একটি টিম মঙ্গলবার দিবাগত মধ্যরাতে ময়েন উদ্দীনকে তাঁর বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন। পরে তাঁর স্বীকারোক্তি মোতাবেক বাড়ির পাশে একটি পানবরজের মধ্যে থেকে দেশীয় তৈরী একটি নলা বন্দুক ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়।
মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান জানান, ময়েন উদ্দীনকে মাঝরাতে থানায় আনা হয়েছে। এখন তাঁর বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন। আজ বুধবার আদালতে নেওয়া হবে।
স্থানীয়রা নাম প্রকাশ না করার শর্তে জানান, ময়েন উদ্দীনের ভয়ে কেউ কথা বলতে পারতো না। গত ৫ আগষ্ট স্বৈরাচার আওয়ামী লীগ সরকার পতনের পর ময়েন উদ্দীনও পলাতক ছিলেন। বেশ কিছুদিন থেকে পুলিশ ও সেনাবাহিনী তাঁর বাড়িতে নিয়মিত অভিযান চালাচ্ছিলেন। অবশেষে সে যৌথবাহিনীর অভিযানে আটক হলেন।
উল্লেখ্য, আটক ময়েন উদ্দীনের বড় ভাই এলাকার চিহ্নিত সন্ত্রাসী ৩ টি হত্যা ৩টি, ৪টি ডাকাতি ও বিস্ফোরক দ্রব্য আইনে ৩টিসহ ডজন মামলার আসামী মজিবুল হক মজিবুল হক মজি মুজিবনগর উপজেলার মোনাখালী কোমরগর্ত মাঠে পুলিশের সাথে বন্দুক যুদ্ধে নিহত হয়েছিলেন। সে সময় ১টি এলজি সার্টারগান, ২টি কার্তুজ খোসা, ৪টি তাজা কার্তুজ, ৩টি হাতবোমা ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছিল।

দামুড়হুদায় ৮০ লিটার চোলাই মদসহ মাদক কারবারি আটক

দামুড়হুদায় ডিবি পুলিশ অভিযান চালিয়ে ৮০ লিটার চোলাই মদসহ আশরাফুল ইসলাম (৪০) নামের একজন মাদক কারবারিকে আটক করেছে।

আজ সোমবার সকাল ৬ টার দিকে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটকৃত আশরাফুল ইসলাম উপজেলার দর্শনা থানার পরানপুর গ্রামের স্কুল পাড়ার মৃত আলী কদরের ছেলে। আজ সোমবার দুপুর ২টায় এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন জেলা গোয়েন্দা পুলিশ।

ডিবি পুলিশ সূত্রে জানাযায়, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার সকাল ৬টায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মশিয়ার রহমানের তত্বাবধানে এস আই মুহিদ হাসান সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান পরিচালিত করেন। এ সময় আলোচিত মাদক ব্যবসায়ী আশরাফুল ইসলাম কে লোকনাথপুরের শাকিলের বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে ৮০ লিটার চোলাই মদসহ আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির বলেন, ডিবি পুলিশের অভিযানে মাদকসহ আশরাফুল ইসলাম নামের একজনকে আটক করা হয়েছে। দামুড়হুদা থানায় আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গায় ১১ কেজি গাঁজাসহ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল জানান, মাদক নিয়ে জাফর ও জাফরের বাবা রহিম বক্স নওপাড়া গ্রামের মইনুল হোসেনের আমবাগানে অবস্থান করছে, এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই সঞ্জীবের নেতৃত্বে একটি টিম অভিযান চালায়।

পুলিশের উপস্থিতি টের পেয়ে বাবা রহিম বক্স পালিয়ে গেলেও ৩ কেজি গাঁজা, দুটি বাটন মোবাইল ফোনসহ জাফরকে আটক করে।

আটককৃত জাফরের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা পূর্বক জেলা আদালতে পাঠানো হবে।

দর্শনা থানা পুলিশের অভিযানে আওয়ামীলীগের ৬ নেতাকর্মী আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিভিন্ন গ্রামে বিশেষ অভিযান চালিয়ে আওয়ামী লীগের ৬ নেতাকর্মীকে আটক করেছে।

জানাযায় গতকাল রবিবার ও আজ সোমবার দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে বিশেষ অভিযান চালায় বিভিন্ন এলাকায় দর্শনা থানা পুলিশ অভিযান চালায় দর্শনা পৌরসভার জয়নগর গ্রামে।

এ সময় পুলিশ জয়নগর গ্রামের আজের আলীর ছেলে ইকরামুল (৪৪) তিতুদহ ইউনিয়নের হুলিয়ামারী গ্রামের আব্দুস ছাত্তারের ছেলে সাজ্জাদুর রহমান ঝন্টু(৫৮)দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের পারকৃষ্ণপুর গ্রামের এসকাতের ছেলে সোহাদ আলী (৫৫) ও তিতুদহ ইউনিয়নের সাড়াবাড়িয়া গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে আনিছুর রহমান (৪৪)গড়াইটুপি ইউনিয়নের খেজুরতলা গ্রামের আব্দুল মতিন(৫৩)নবগঠিত নেহালপুর ইউনিয়নের নেহালপুর গ্রামের রবজেল হোসেনের ছেলে রাশিদুল ইসলামকে (৫৫)আটক করে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি শহীদ তিতুমীর ঘটনার সত্যতা স্বীকার করে বলেন এরা প্রত্যকেই তদন্ত মামলার আসামি যার মামলা নং ৯। আজ তাদেরকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে ফেনসিডিলসহ ১ মহিলা আটক

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে কার্পাসডাঙ্গা থেকে ১৫ বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিলসহ ১ জন মহিলাকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার অন্তগত কার্পাসডাঙ্গা ফাঁড়ি পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে কার্পাসডাঙ্গা বাজারের বন্ধু টেলিকমের সামনে থেকে তাকে হাতেনাতে আটক করা হয়।

গ্রেফতারকৃত মহিলা হলো দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মুন্সিপুর গ্রামের মাঝের পাড়ার বিল্লালের মেয়ে নাসরিন বেগম (৩৫)পুলিশ সুত্রে জানাগেছে, গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার খন্দকার গোলাম মাওলা মহোদয় ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীরের নির্দেশনায় কার্পাসডাঙ্গা ফাঁড়ি ইনচার্জ এস আই এস এম নিয়ামুল হক সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানের ডিউটি পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা বাজারের বন্ধু টেলিকমের সামনে থেকে নাসরিন বেগমকে অবৈধ মাদকদ্রব্য ১৫ বোতল ফেন্সিডিলসহ তাকে হাতেনাতে আটক করে। বর্তমানে তার বিরুদ্ধে মামলা রজু করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ন কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, একজন মহিলাকে অবৈধ মাদকদ্রব্য ১৫ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়েছে। আজ রবিবার আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]